

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
ফুলতলা, খুলনা।  
Email:uwaofultola@gmail.com

“শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা”

স্মারক নং- ৩২.০১.৪৭৬৯.০০০.০১.২২- ৫৫

তারিখঃ ২৫/০২/২০২৪ খ্রিঃ

### সভার নোটিশ

আগামী ২৭/০২/২০২৪ খ্রিঃ রোজ মঙ্গলবার উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সভাপতিত্বে নিম্নলিখিত সভাসমূহ উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে। কমিটির একজন সম্মানিত সদস্য হিসেবে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

ক্রঃনং	সভার নাম	সময়	মন্তব্য
০১.	বাল্য বিবাহ নিরোধ কমিটি	১১:৩০	
০২.	নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি	১২.০০	

ফারহানা ইয়াসমিন

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
ফুলতলা, খুলনা।

২৫/০২/২৪

প্রাপক

.....  
.....

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা, খুলনা।
- ৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, খুলনা।

ফেব্রুয়ারি/২০২৪ মাসের উপজেলা বাল্য বিবাহ প্রতিরোধ কমিটি সভার কার্য বিবরণীঃ

তারিখ ও সময় : ২৭/০২/২০২৪ দুপুর ১১:০০ টা  
স্থান : উপজেলা পরিষদের অফিস কক্ষ, ফুলতলা, খুলনা।

উপস্থিত সদস্যবন্দ : পরিশিষ্ট “ক” :

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শোনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	বাল্য বিবাহ সংক্রান্ত উঠান বৈঠক: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, জানুয়ারি/২৪ মাসে তূর্নমূল পর্যায়ে সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রমে বিল দামোদর অফিসপাড়া ও দামোদর সাহাপাড়া গ্রামে ০২ (দুই) টি উঠান বৈঠক করা হয়েছে। উঠান বৈঠকে বাল্য বিবাহ বিরোধী অঙ্গীকার নামায় ৪০ জনের স্বাক্ষর সংগ্রহ করা হয়েছে।	উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত রাখা এবং সচেতনতামূলক কার্যক্রম আরো বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হয়। উঠান বৈঠকে উপজেলা নির্বাহী অফিসার এবং জনপ্রতিনিধিদের উপস্থিত রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলতলা, খুলনা।
২	বাল্য বিবাহ প্রতিরোধ সংক্রান্তঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, জানুয়ারি/২৪ মাসে কোন ইউনিয়ন হতে বাল্য বিবাহের সংবাদ পাওয়া যায়নি।	বাল্য বিবাহ সংক্রান্ত সংবাদ পাওয়ার সাথে সাথে উপজেলা নির্বাহী অফিসার অবহিত করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।	অফিসার ইন চার্জ, ফুলতলা/ খান জাহান আলী থানা, ফুলতলা, খুলনা। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলতলা, খুলনা।
৩	বিবিধ: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, জানুয়ারি/২৪ মাসে রি ইউনিয়ন স্কুল এন্ড কলেজে ছাত্রীদের মাঝে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার উপস্থিতিতে সচেতনতা মূলক সভা অনুষ্ঠিত হয়েছে।	নারী শিক্ষা, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ প্রতিরোধে সচেতনতা মূলক কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এফিডেবিটের মাধ্যমে বিয়ে হয় না এবং তা অবৈধ- এ বিষয়ে জোর প্রচারণা চালাতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলতলা, খুলনা। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলতলা, খুলনা। উপজেলা তথ্য সেবা কর্মকর্তা ফুলতলা, খুলনা।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(তাসনাম জাহান)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা বাল্য বিবাহ প্রতিরোধ কমিটি  
ফুলতলা, খুলনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
ফুলতলা, খুলনা।

Email: uwaofultola@gmail.com


“শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা”

স্মারক নং- ৩২.০১.৪৭৬৯.০০০.০০৯.১৭.২১ - ৬৩

তারিখ: ২৯/০২/২০২৪ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ:

- ০১। জেলা প্রশাসক, খুলনা।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা।
- ০৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, খুলনা।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা, খুলনা।
- ০৫। অফিসার ইন-চার্জ, ফুলতলা/খানজাহানআলী থানা, ফুলতলা, খুলনা।
- ০৬। উপজেলা ..... অফিসার, ফুলতলা, খুলনা।
- ০৭। জনাব/বেগম.....

  
২৯/০২/২০২৪

(ফারহানা ইসলামিন)

সদস্য সচিব

উপজেলা বাল্য বিবাহ প্রতিরোধ কমিটি

ও

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

ফুলতলা, খুলনা।